সোনালী ব্যাংক পিএলসি

চুয়াডাঙ্গা শাখা, জেলাঃ চুয়াডাঙ্গা

**বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি (১ম বার)**

**(অর্থ ঋণ আদালত আইন-২০০৩ (সংশোধন-২০১০) এর ১২ ধারা মোতাবেক)**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি, চুয়াডাঙ্গা শাখা, জেলা-চুয়াডাঙ্গা এর এসএমই (ওয়ার্কিং ক্যাপিট্যাল টু ট্রেড) ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স মাহিম ট্রেডার্স, প্রোঃ মোঃ আরিফুর রহমান, ব্যবসায়ী ঠিকানাঃ বোয়ালিয়া, সরোজগঞ্জ, চুয়াডাংগা এর নিকট গত ০৮.০৪.২০২৫ ইং তারিখ পর্যন্ত অনারোপিত সুদ বাদে মোট পাওনা ১৭,৯২,০৬২.০০ (সতের লক্ষ বিরানব্বই হাজার বাষট্টি মাত্র) টাকা ও অন্যান্য খরচ এবং আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে নিম্ন তফসিলভূক্ত বন্ধককৃত স্থাবর সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তাদিতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে। উল্লেখ্য যে, সম্পত্তির মালিকগণ কর্তৃক তফসিলি সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রিকৃত দলিলমূলে বন্ধককৃত ও রেজিস্ট্রিকৃত আমমোক্তারনামা দলিল বলে ব্যাংক উক্ত সম্পত্তি বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত।

জেলাঃ চুয়াডাঙ্গা, থানাঃ চুয়াডাঙ্গা, মৌজাঃ বুজরুকগড়গড়ী, জেএলনং-৭, হোল্ডিং নং-১৩৪৮৩।

| খতিয়ান নং | | | | দাগ নং | | | জমির প্রকৃতি ও পরিমাণ | | জমির মালিক |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সিএস | এসএ | আরএস | খারিজ | সিএস | এসএ | আরএস | প্রকৃতি | পরিমাণ (একর) | |
| | ১১০৯ | ৩৭৭ | ৬২৩১ | | ১৪৭৬ | ৪৯৯৮ | ধানী | ০.০০৫৪ | মোঃ আরিফুর রহমান (৫০%) ও মোঃ আনিচুর রহমান (৫০%) |
| | ১১০৯ | ৩৭৭ | ৬২৩১ | | ১৪৭৬ | ৫০০৫ | ধানী | ০.০৩৪০ | মোঃ আরিফুর রহমান (৫০%) ও মোঃ আনিচুর রহমান (৫০%) |
| মোট | | | | | | | | ০.০৩৯৪ | |

শর্তাদিঃ

১। প্রত্যেক দরপত্র দাতাকে দরপত্র তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্টাক্ষারে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নং (যদি থাকে), প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সিলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্টাক্ষরে **"সম্পত্তি ক্রয়ের দরপত্র"** লিখিয়া আগামী ১১.০৫.২০২৫ ইং তারিখ রোজ রবিবার বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, চুয়াডাঙ্গায় রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.১৫ ঘটিকায় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগেও প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

২। দরপত্র দাতা এক বা একাধিক তফসিলের জন্য দরপত্র দিতে পারিবেন। তবে একই তফসিলের জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৩। প্রত্যেক দরপত্র দাতা কর্তৃক উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট / পে অর্ডার এর মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড, চুয়াডাঙ্গা শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৪। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দরপত্র গৃহিত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহিত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহিত হইবার পরবর্তী ৯০ (নব বই) দিবসের মধ্যে দরদাতা সমূদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক জামানতের টাকা বাজেয়াপ্ত করিবে।

৫। উপরোক্ত অনুচ্ছেদ নং ৪ এর অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একুনে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আহ্বানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ ৪ এর নির্ধারিত সময় সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে।

(চলমান পাতা-২)

Md. Abdul Quader
Assistant General Manager
Sonali Bank PLC
Chuadanga Branch, Chuadanga.

৬। দরপত্র দাতা কর্তৃক মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে রেজিস্ট্রিকৃত সাফ কবলা দলিল মূলে নিলাম ক্রেতার বরাবরে মালিকানা স্বত্ব হস্তান্তর করা হইবে (দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ট্যাক্স বহন করিতে হইবে)। উপরোক্তরূপে নিলামে বিক্রীত সম্পত্তির দখল প্রয়োজনে অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী-২০১০) এর বিধান অনুযায়ী নিলাম ক্রেতার বরাবরে অর্পণ করা হইবে।

৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে এবং কম জামানত প্রদান কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৮। তফসিলভূক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-পৌরসভা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর্তৃপক্ষ ইত্যাদিসহ অন্য যে কোন ধরণের পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবে না।

৯। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, অবস্থান, পরিমান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণ যোগ্য হইবে না।

১০। দরপত্রের মাধ্যমে নিলামে অংশ গ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ, বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ আব্দুল কাদের)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি
চুয়াডাঙ্গা শাখা, চুয়াডাঙ্গা।

Md. Abdul Quader
Assistant General Manager
Sonali Bank PLC
Chuadanga Branch, Chuadanga.